

# ১৩,২৬৪ শিক্ষার্থীর খাতা পুনঃনিরীক্ষণের আবেদন

বরিশাল ব্যুরো

২১ জুলাই ২০২৫, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক  
**আমাদের সমগ্র**



এসএসসি পরীক্ষার ফলে সন্তুষ্ট না হওয়া বরিশাল শিক্ষা বোর্ডের ১৩ হাজার ২৬৪ শিক্ষার্থী মোট ৩৮ লাখ ৪৩৭টি খাতা পুনঃনিরীক্ষার আবেদন করেছে। রেকর্ড সংখ্যক আবেদন পড়েছে গণিতে ৫ হাজার ৪৮৯টি। আর সব থেকে কম আবেদন করা হয়েছে তথ্য ও যোগাযোগপ্রযুক্তি বিষয়ে। গতকাল রবিবার বরিশাল শিক্ষা বোর্ড সূত্র গণমাধ্যমকে বিষয়টি নিশ্চিত করে। গত ১০ জুলাই এসএসসি পরীক্ষার ফল প্রকাশ করা হয়েছিল।

বরিশাল বোর্ড চেয়ারম্যান অধ্যাপক মো. ইউনুস আলী সিদ্দিকী বলেন, যেসব পরীক্ষার্থী ফল পুনঃনিরীক্ষার আবেদন করেছেন তাদের সবার খাতা আবার যাচাই করা হবে। আগামী ১৫ দিনের মধ্যে রিকার্ডিংয়ের ফল দেওয়া হবে।

জানা যায়, এবার সারাদেশে চলতি বছরের এসএসসি ও সমমান পরীক্ষায় ১৩ লাখ ৩ হাজার ৪২৬ শিক্ষার্থী পাস করেছেন। ফেল করেছেন ৬ লাখ ৬৬০ পরীক্ষার্থী। চলতি বছর ১৯ লাখ ২৮ হাজার ১৮১ পরীক্ষার্থী এসএসসি ও সমমান পরীক্ষায় অংশ নিয়েছিল। এ বছরের এসএসসি ও সমমানের পরীক্ষায় গড় পাস করেছে ৬৮ দশমিক ৪৫ শতাংশ শিক্ষার্থী।

এর মধ্যে অনেক শিক্ষার্থী পাস করলেও কাস্ট্রিক্ট ফল পাননি। ফেল করা ও কাস্ট্রিক্ট ফল না পাওয়া শিক্ষার্থীরা খাতা পুনঃনিরীক্ষণ বা চ্যালেঞ্জের আবেদন করার সুযোগ পায়। ফল প্রকাশের পর দিন ১১ জুলাই থেকে খাতা পুনঃনিরীক্ষার আবেদন শুরু হয়। ১৭ জুলাই সন্ধ্যা ৬টা পর্যন্ত পুনঃনিরীক্ষণের আবেদন নেওয়া হয়েছে।

জানা গেছে, চলতি বছর বরিশাল বোর্ড থেকে এসএসসি পরীক্ষায় মোট পরীক্ষার্থী ছিল ৮৪ হাজার ৭০২ জন। অংশ নিয়েছিল ৮২ হাজার ৯৩১ শিক্ষার্থী। এর মধ্যে ছাত্র ৩৮ হাজার ৮৫৩, ছাত্রী ৪৪ হাজার ৭৮ জন। পাস করেছে ৪৬ হাজার ৭৫৮ জন। এর মধ্যে ছাত্র ১৮ হাজার ৮২৩, ছাত্রী ২৭ হাজার ৯৩৫ জন। ফেল করেছে

৩৬ হাজার ১৭৩ জন। ছাত্র ২০ হাজার ৩০, ছাত্রী ১৬ হাজার ১৪৩ জন।